একাদশ শ্রেণি ● ভূগোল ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

● ৩. ভাঁজ বা বলি ● ৪. মহাসাগরেরতলের ভূপ্রকৃতি ● ৭. জৈব সম্পদ : (i) অরণ্য (ii) মৎস্য - শিকার

★ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

**1.** অক্ষ বরাবর ভাঁজ যে তল দ্বারা সমানভাবে বিভক্তি হয়, তাকে কী বলে-

a. অক্ষতল b. কক্ষতল
c. সংঘট্ট তল d. চ্যুতিতল

উত্তর : a. অক্ষতল

**2.** ভাঁজের যে বিন্দুতে শিলাস্তরের বক্রতা সবচেয়ে বেশি, তাকে বলে-

a. গ্রন্থিবিন্দু b. গ্রন্থিবলয়
c. আয়াম d. ক্ষেপ

উত্তর : a. গ্রন্থিবিন্দু

**3.** অক্ষতল দ্বারা বিভক্তি ভাঁজের দুই অংশকে বলে-

a. অক্ষ b. বাহু
c. গ্রন্থিবলয় d. উদ্‌ভেদ

উত্তর : b. বাহু

**4.** কোন্ বলের প্রভাবে কোমল পাললিক শিলাস্তরে ভাঁজ পড়ে-

a. সংনমন b. অভিকর্ষ
c. আংকোচন d. প্রসারণ

উত্তর : a. সংনমন

**5.** ভাঁজের যে অংশ ওপরের দিকে উত্তল হয়ে অবস্থান করে, তাকে বলে-

a. অধোভঙ্গ b. ঊর্ধ্বভঙ্গ
c. উচ্চভূমি d. উপত্যকা

উত্তর : b. ঊর্ধ্বভঙ্গ

**6.** ভাঁজের যে অংশ অবতল হয়ে অবস্থান করে, তাকে বলে-

a. ঊর্ধ্বভঙ্গ b. অধোভঙ্গধারা
c. উচ্চভূমি d. অধোভঙ্গ

উত্তর : d. অধোভঙ্গ

**7.** বৃহৎ আকৃতির ঊর্ধ্বভঙ্গ মধ্যে অসংখ্য ছোটো ছোটো ভাঁজকে বলে-

a. অধোভঙ্গধারা b. উদ্‌ঘট্ট ভাঁজ
c. শায়িত ভাঁজ d. ঊর্ধ্বভঙ্গধারা

উত্তর : d. ঊর্ধ্বভঙ্গধারা

**8.** যে ভাঁজের অক্ষতল ভূমিভাগের সঙ্গে ওরায় সমান্তরালে থাকে, তাকে বলে-

a. শায়িত ভাঁজ b. সমনত ভাঁজ
c. আবৃত ভাঁজ d. উদ্‌ঘট্ট ভাঁজ

উত্তর : a. শায়িত ভাঁজ

**9.** ভাঁজের ঊর্ধ্বভঙ্গ বরাবর তৈরি হয়-

a. শৈলশিলা b. ইনসেলবার্জ
c. উপত্যকা d. পর্বত

উত্তর : a. শৈলশিলা

**20.** বৈপরীত্য ভূমিরুপের বৈশিষ্ট্য হল-

a. ঊর্ধ্বভঙ্গ পর্বত
b. অধোভঙ্গ উপত্যকা
c. ঊর্ধ্বভঙ্গে উওত্যকা ও অধোভঙগ পর্বত
d. ঊর্ধ্ব ও অধোভঙ্গ অনুগামী নদী

**10.** যে ভাঁজের দু-পাশে সমান পার্শ্বচাপের ফলে দুটি বাহু সমান কোণে দু-দিকে নত হয়ে থাকে, তাকে বলে-

a. উদ্‌ঘট্ট ভাঁজ b. ন্যাপ ভাঁজ
c. প্রতিসম ভাঁজ d. উর্ধ্ব ভাঁজ

উত্তর : c. প্রতিসম ভাঁজ

**11.** সমভাবে নত বাহুযুক্ত ভাঁজকে কী ভাঁজ বলে-

a. প্রতিসম b. অপ্রতিসম
c. সমপ্রবণ d. আকনত

উত্তর : c. সমপ্রবণ

**12.** বৈপরীত্য ভূমিরুপ ক্ষয়চক্রের কোন্ ওর্যায়ে লক্ষ করা যায় ?

a. প্রথম b. দ্বিতীয়
c. তৃতীয় d. চতুর্থ

উত্তর : b. দ্বিতীয়

**13.** পৃথিবীর দ্বিতীয় গভীরতম সমুদ্রখাতটি হল-

a. টোঙ্গা খাত b. ফিলিপিনস খাত
c. জাপান খাত d. সুন্দা খাত

উত্তর : a. টোঙ্গা খাত

**14.** পৃথিবীর গভীরতম স্থান হল-

a. বার্টলেট খাত
b. মিটিওর ডেপ্থ
c. মারিয়ানা খাতের চ্যালেঞ্জার ডেপ্থ
d. জাপান খাত

উত্তর : c. মারিয়ানা খাতের চ্যালেঞ্জার ডেপ্থ

**15.** মারিয়ানা খাত কোথায় অবস্থিত ?

a. সুমেরু মহাসাগরে b. ভারত মহাসাগরে
c. প্রশান্ত মহাসাগরে d. আটলান্টিক মহাসাগর

উত্তর : c. প্রশান্ত মহাসাগরে

**16.** প্রশান্ত মহাসাগরে মোট দ্বীপের সংখ্যা কয়টি ?

a. প্রায় 37,000টি b. প্রায় 29,000টি
c. প্রায় 10,000টি d. প্রায় 20,000টি

উত্তর : d. প্রায় 20,000টি

**17.** পৃথিবীর বৃহত্তম প্রবাল প্রাচীর হল-

a. গ্রেট বেরিয়ার রিফ b. মালদ্বীপ
c. লাক্ষাদ্বীপ d. মাদাগাস্কার

উত্তর : a. গ্রেট বেরিয়ার রিফ

**18.** আটলান্টিক মহাসাগরের বারমুডা কী জাতীয় দ্বীপ-

a. প্রবাল দ্বীপ b. মহাদেশীয় দ্বীপ
c. আগ্নেয় দ্বীপ d. গভীর সমুদ্রের সমভূমিতে

উত্তর : a. প্রবাল দ্বীপ

**19.** মধ্য আটলান্টিক শৈলশিরাটির আকৃতি ইংরেজির কোন্ অক্ষরের মতো ?

a. T b. L
c. S d. I

উত্তর c. S

**উত্তর :** c. উর্ধ্বভঙ্গে উওত্যকা ও অধোভঙগ পর্বত

**21. ফকল্যান্ড দ্বীপপুঞ্জ অবস্থিত-**
a. প্রশান্ত মহাসাগরে b. আটলান্টিক মহাসাগরে
c. ভারত মহাসাগরে d. সুমেরু মহাসাগরে
**উত্তর :** b. আটলান্টিক মহাসাগরে

**22. সুন্দা খাত কোন্ মহাসাগরের সমুদ্রতলে অবস্থিত ?**
a. প্রশান্ত b. আটলান্টিক
c. ভারত d. সুমেরু
**উত্তর :** c. ভারত

**23. পৃথিবীর গভীরতম সমুদ্রখাত হল-**
a. সুন্দা b. পুয়ের্তোরিক
c. মারিয়ানা d. কেম্যান
**উত্তর :** c. মারিয়ানা

**24. কর্ক, ওক কোন্ জাতীয় গাছ-**
a. নিরক্ষীয় b. সরলবর্গীয়
c. ভূমধ্যসাগরীয় d. ম্যানগ্রোভ
**উত্তর :** c. ভূমধ্যসাগরীয়

**25. সুচালো ক্ষুদ্র পত্রযুক্ত গাছ দেখা যায় কোন্ অরণ্যে ?**
a. সরলবর্গীয় b. ক্রান্তীয় পর্ণমোচী
c. নিরক্ষীয় চিরহরিৎ d. নাতিশীতোষ্ণ পর্ণমোচী
**উত্তর :** a. সরলবর্গীয়

**26. ক্রান্তীয় তৃণভূমি আফ্রিকায় কী নামে পরিচিত ?**
a. ক্যাম্পোস b. ল্যানোস
c. সাভানা d. পার্কল্যান্ড
**উত্তর :** c. সাভানা

**27. নাতিশীতোষ তৃণভূমি দক্ষিণ আমেরিকায় কী নামে পরিচিত ?**
a. প্রেইরি b. পম্পাস
c. স্তেপ d. ল্যানোস
**উত্তর :** b. পম্পাস

**28. সমুদ্রতলদেশের গভীরতা পরিমাপক একক হল-**
a. মাইল b. ফ্যাদম
c. ওহ্‌ম d. নট
**উত্তর :** b. ফ্যাদম

**29. আটলান্টিক মহাসাগরের গভীরতম সমুদ্রখাত হল-**
a. মারিয়ানা খাত b. সুন্দা খাত
c. পুয়ের্তোরিকো খাত d. দক্ষিণ স্যান্ডুইচ খাত
**উত্তর :** c. পুয়ের্তোরিকো খাত

**30. __________একটি প্রবাল দ্বীপের উদাহরণ ।**
a. আন্দামান-নিকোবর b. শ্রীলঙ্কা
c. মরিশাস d. মালদ্বীপ
**উত্তর :** d. মালদ্বীপ

## ❖ এক কথায় উত্তর দাও( V.S.A.) (Marks-1)

**1. পৃথিবীকে নীল গ্রহ বলা হয় কেন ?**
**উত্তর :** পৃথিবীর বেশিরভাগ অংশ জল দ্বারা আবৃত থাকায় মহাকাশ থেকে পৃথিবীকে নীল রঙের দেখায়, তাই পৃথিবীকে নীল গ্রহ বলা হয় ।

**2. অ্যাটল কাকে বলে ?**
**উত্তর :** ক্রান্তীয় অঞ্চলে গভীর সমুদ্রে অনেকসময় গায়টগুলির ওপর প্রবালকীটের বংশবৃদ্ধি ঘটে ও নিমজ্জিত প্রবাল দ্বীপ সৃষ্টি হয়, যাকে অ্যাটল বলা হয়।

## ❖ এক কথায় উত্তর দাও( V.S.A.) (Marks-1)

**3. 'প্রতিসম ভাঁজ' -এর সংজ্ঞা দাও ।**
**উত্তর :** যে ভাঁজের দুপাশে সমান পার্শ্বচাপের ফলে দুটি বাহু সমান কোণে দুদিকে নত হয়ে থাকে এবং দুটি বাহু সমান দীর্ঘ হয়, তাকে প্রতিসম ভাঁজ বলে ।

**4. জুরা গঠন ক্ষয়চক্রের কোন্ পর্যায়ে গড়ে ওঠে ?**
**উত্তর :** জুরা গঠন ক্ষয়চক্রের প্রাথমিক পর্যায়ে গড়ে ওঠে ।

**5. সেলভা কাকে বলে ?**
**উত্তর :** আমাজন অববাহিকার নিরক্ষীয় চিরসবুজ অরন্যটি সেলভা নামে পরিচিত ।

**6. ম্যানগ্রেভ অরণ্যে যে বিশেষ ধরনের উদ্ভিদ দেখা যায় তার নাম লেখ ?**
**উত্তর :** লবণাম্বু উদ্ভিদ ।

**7. পার্কল্যান্ড সাভানা বলতে কী বোঝ ?**
**উত্তর :** আফ্রিকার সাভানা তৃণভূমি অঞ্চলে স্থানে স্থানে ডালপালা বিস্তৃত গাছ জন্মায় যা দেখতে অনেকটা পার্কের মতো অথাৎ ছাতার মতো লাগে বলে এরুপ বৃক্ষ-সমন্বিত তৃণাঞ্চলকে পার্কল্যান্ড সাভানা বলা হয় ।

**8. ইউরেশিয়ার তৃণভূমি কী নামে পরিচিত ?**
**উত্তর :** স্তেপ নামে পরিচিত ।

**9. কোন্ অরণ্য অঞ্চল ম্যাকিয়া নামে পরিচিত ?**
**উত্তর :** ভূমধ্যসাগরীয় অরণ্য অঞ্চল ম্যাকিয়া নামে পরিচিত ।

**10. কোন্ বনভূমিতে চিরবসন্ত বিরাজ করতে দেখা যায় ?**
**উত্তর :** ভূমধ্যসাগরীয় বনভূমিতে চিরবসন্ত বিরাজ করতে দেখা যায় ।

**11. পৃথিবীর বৃহত্তম সরলবর্গীয় বনভূমির নাম কী ?**
**উত্তর :** রাশিয়ার তৈগা ।

**12. 'শিলাস্তরের নতি' বলতে কী বোঝায় ?**
**উত্তর :** শিলাস্তর বা ভাঁজের বাহু অনুভূমিক তলের সাপেক্ষে যে সূক্ষ্মকোণে হেলে থাকে, তাকে 'শিলাস্তরের নতি' বলে ।

**13. অপ্রতিসম ভাঁজ কাকে বলে ?**
**উত্তর :** যে ভাঁজের দুপাশে অসমান পার্শ্বচাপের ফলে একটি বাহু অন্য বাহুটির চেয়ে বড়ো হয় এবং দুপাশের দুটি বিপরীত দিকে প্রসারিত বাহু অসমান কোণে হেলে থাকে, তাকে অপ্রতিসম ভাঁজ বা অসম ভাঁজ বলে ।

**14. 'শায়িত ভাঁজ' -এর সজ্ঞা দাও ।**
**উত্তর :** কোনো ভাঁজের অক্ষতল যখন প্রায় অনুভূমিক হয়ে যায় তখন তাকে শায়িত ভাঁজ বলে ।

**15. উদ্‌ঘট্ট ভাঁজ কাকে বলে ?**
**উত্তর :** কোনও শায়িত ভাঁজের ওপর অনুভূমিক চাপ খুব বেশি হলে ভাঁজটির মাঝ বরাবর শিলাস্তর ফেটে যায় এবং শিলার একটি অংশ অন্য অংশ থেকে বিছিন্ন হয়ে অবস্থান কোরে । এই ধরনের ভাঁজকে উদ্‌ঘট্ট ভাঁজ বলে ।

**16. আয়াম কাকে বলে ?**
**উত্তর :** শিলাস্তর অনুভূমিক তলকে বা স্তরায়ণ তলকে যে রেখা বরাবর ছেদ করে, তাকে আয়াম বলে ।

**17. কোন্ দেশকে 'মৎস্যজীবীর দেশ' বলা হয় ?**
**উত্তর :** নরওয়েকে ।

**18. ঠেসমূল কী ?**
**উত্তর :** কাদাযুক্ত মাটিতে উদ্ভিদকে সোজাভাবে দাঁড়িয়ে রাখার জন্য ধনুকের মতো আকৃতিবিশিষ্ট যে মুল থাকে তাকে ঠেস মূল বলে ।

**19.** **অন্তঃসাগরীয় বা সামুদ্রিক গিরিখাত বা ক্যানিয়ন কাকে বলে ?**
**উত্তর :** সমুদ্র তলদেশে মহীঢালের ওরান্তীয় অংশে নদী উপত্যকার মতো খাড়া 'V' বা 'I' আকৃতির বহু শাখাপ্রশাখাযুক্ত যে খাত পরিলক্ষিত হয়, তাকে অন্তঃসাগরীয় বা সামুদ্রিক গিরিখাত বা ক্যানিয়ন বলে ।

**20.** **শ্বাসমূল বলতে কী বোঝ ?**
**উত্তর :** নিয়মিত জোয়ারভাটাযুক্ত লবণাক্ত মৃত্তিকায় যে ধরনের মূল মাটি ভেদ করে মাধ্যাকর্ষণ শক্তির বিপরীতে বৃদ্ধি পায় তাকে শ্বাসমূল বলে ।

**21.** **কোন্ ধরনের পাত সীমান্তে মহাসামুদ্রিক খাতগুলি গড়ে ওঠে ?**
**উত্তর :** অভিসারী পাত সীমান্তে মহাসামুদ্রিক পাতগুলি গড়ে ওঠে ।

**22.** **চাঁদোয়া (Conopy) কী ?**
**উত্তর :** নিরক্ষীয় চিরহরিৎ বনভূমির বৃক্ষের প্রসারিত ডালপালার পাতাগুলি পরস্পর জুড়ে গিয়ে ছাতার মতো যে আচ্ছাদন সৃষ্টি করে তাকে চাঁদোয়া বলে ।

**23.** **'গ্র্যান্ড ব্যাংক্স' মগ্নচরা কোথায় অশবস্থিত ?**
**উত্তর :** নিউফাউন্ডল্যান্ডের অদুরেই অবস্থিত ।

❖ <u>কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও।</u> **(Marks -5)**

1. **ভাঁজের প্রকারভেদ আলোচনা করো । প্রধান কয়েকটি ভাঁজ চিত্র-সহ বর্ণনা করো ।**
2. **চিত্র-সহ প্রশান্ত মহাসাগরের তলদেশের ভূপ্রকৃতি ও গভীরতার সংক্ষিপ্ত বর্ণনা দাও । অথবা, প্রশান্ত মহাসাগরের তলদেশের ভূপ্রকৃতির প্রধান বৈশিষ্টাগুলি সংক্ষেপে বর্ণনা করো ।**
   **অথবা, প্রশান্ত মহাসাগরের তলদেশের ভূপ্রকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও ।**
3. **চিত্র সহ আটলান্টিক মহাসাগরের তলদেশের ভূপ্রকৃতি ও গভীরতার সংক্ষিপ্ত বিবরণ দাও ।**
   **অথবা, আটলান্টিক মহাসাগরের তলদেশের ভূপ্রকৃতি ও গভীরতার সংক্ষিপ্ত বর্ণনা দাও ।**
   **অথবা, আটলান্টিক মহাসাগরের অবস্থিত অবনমিত অঞ্চল, খাত ও দ্বীপগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও ।**
4. **ভূমধ্যসাগরীয় বনভূমির বণ্টন উল্লেখ করো ।**
5. **নাতিশীতোষ্ণ অঞ্চলে কাষ্ঠ শিল্পের উন্নতির কারণগুলি আলোচনা করো ?**
6. **জাপানে মৎস্যচাষের অবনতির কারণ কী কী ? ভারতে মৎস্যচাষের প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে ব্যাক্ত করো ।**



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299